



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
পাংশা, রাজবাড়ী



স্মারক নং: ৫২.০১.৮২৭৩.৪০০.০১.০০১.২০-

তারিখ:

খ্রিঃ

বিষয়: জনশুমারি ও গৃহগণনা প্রকল্প- ২০২১ শুমারি কার্যক্রমের জন্য পাংশা উপজেলার তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে সাক্ষাৎকারের চূড়ান্ত ফলাফল প্রকাশ প্রসঙ্গে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন জনশুমারি ও গৃহগণনা প্রকল্প- ২০২১ এর তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নিয়োগের স্মারক নং ৫২.০১.৮২৭৩.৪০০.০১.০০১.২০.০১ তারিখঃ ০২/০১/২০২০ বিজ্ঞাপনের প্রেক্ষিতে আবেদনকারীর মধ্য হতে যাচাই-বাচাই কমিটির সুপারিশ ক্রমে যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের ফলাফল নিম্নোক্ত শর্তে প্রদান করা হলো-

০১. তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত কোন শর্তের ব্যত্যয় ঘটলে অথবা কার্যক্রম চলাকালীন যেকোন ধরনের অবহেলা পরিলক্ষিত হলে অথবা কাজের মান সন্তোষজনক হলে কর্তৃপক্ষ যেকোন সময়ে সংশ্লিষ্ট তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার কে সার্বিক কার্যক্রম হতে অব্যাহতি প্রদান ও তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে
০২. লিস্টিং কার্যক্রমে কাজের মান সন্তোষজনক হলে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণ মূল শুমারির কাজের জন্য বিবেচিত হবেন।
০৩. কোন মৌজা/গণনা এলাকার জন্য নির্বাচিত প্রার্থী কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নিজ মৌজা/গণনা এলাকায় অথবা অন্য যেকোন মৌজা/গণনা এলাকায় কাজ করতে বাধ্য থাকবেন। অন্যথায় কর্তৃপক্ষ তার বিকল্প প্রার্থী নির্বাচন করতে পারবেন।
০৪. নির্বাচিত প্রার্থীকে প্রশিক্ষণ ও শুমারি কার্যক্রম সময়ে অবশ্যই এন্ডয়েড ভার্সন ন্যূনতম ৬.০ ও স্ক্রিন সাইজ ন্যূনতম ৫ ইঞ্চি হতে হবে।
০৫. সংযুক্ত তালিকায় চূড়ান্তভাবে নির্বাচিত/সুপারিশপ্রাপ্ত হননি কিন্তু নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত পূরণ পূর্বক মেধা তালিকায় অবস্থান অনুযায়ী অপেক্ষমান থাকবেন যার তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়, পাংশার নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০৬. অপেক্ষমান প্রার্থীগণ মূল শুমারিতে অংশগ্রহণ করতে পারবেন।
০৭. তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণ জনশুমারি ও গৃহগণনা প্রকল্প- ২০২১ এর সংস্থান অনুযায়ী নির্ধারিত সময়ের জন্য মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সম্মানী ভাতা প্রাপ্ত হবেন।
০৮. লিস্টিং কার্যক্রমে মনোনীত প্রার্থীগণকে উপজেলা পরিসংখ্যান কার্যালয় হতে নির্ধারিত অঞ্জীকারনামায় স্বাক্ষর পূর্বক যোগদান করতে হবে।
০৯. নির্বাচিত তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজারগণকে প্রশিক্ষণে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
১০. জনশুমারি ও গৃহগণনা প্রকল্প- ২০২১ এর সভাপতি উপজেলা নির্বাহী অফিসার পাংশা মহোদয়ের সদয় অনুমোদন আছে।
১১. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের সংরক্ষণ করেন।

মাহাবুব হোসেন
পরিসংখ্যান কর্মকর্তা
পাংশা, রাজবাড়ী

ও

সদস্য সচিব

জনশুমারি ও গৃহগণনা প্রকল্প - ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ফোনঃ ০১৭৭৫৪৫৪৩৪৫

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১) উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ০২) উপ পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজবাড়ী।
- ০৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ০৪) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ০৫) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।
- ০৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী।